শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০১.২০.৪৭৩

তারিখ: ৭ বৈশাখ ১৪২৮
২০ এপ্রিল ২০২১

বিষয়: স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী লোগো ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা এবং মুল ডিজাইন প্রেরণ।

সূত্র: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২১.৩৭; তারিখ: ২৯ মার্চ ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদ্সঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত (967/potrojariAttachmentRef/12745/0/4337))। পত্রের মর্মানুযায়ী, স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী লোগো ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা এবং মুল ডিজাইন পরিপালনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পত্র। (970/potrojariAttachmentRef/12745/0/4337)
২. লোগো ব্যবহারের নির্দেশিকা। (973/potrojariAttachmentRef/12745/0/4337)
৩. লোগো। (974/potrojariAttachmentRef/12745/0/4337)

২১-৪-২০২১
রোকসানা রহমান
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা),নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০১.০৫.০০৬.১৬-১৮৮

তারিখ: ০৮বৈশাখ, ১৪২৮
২১ এপ্রিল, ২০২১

কারিগরি ও মাদ্রাসা বিভাগ হতে প্রাপ্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত স্বাধীনতার সুবর্ণজয়ন্তী লোগো ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা এবং মুল ডিজাইন পরিপালনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ০২ ফর্দ।

২১/৪/২০২১
মাহফুজা ইয়াছমিন
সহকারী পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন: ৪১০৩০১৬৮

(১) প্রকল্প পরিচালক, MEMIS/৬৫৩টি মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন প্রকল্প/ ১৮০০ মাদ্রাসা উন্নয়ন প্রকল্প, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
(২) অধ্যক্ষ, বিএমটিটিআই/ সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা/ সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট/ সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া।
(৩) পরিচালক/উপ পরিচালক/সহকারি পরিচালক/ পরিদর্শক ,মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
(৪) অধ্যক্ষ/সুপার/এবতেদায়ী প্রধান .........(সকল মাদ্রাসা)

বিতরন:

১। জেলা প্রশাসক (সকল)
২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৩। জেলা শিক্ষা অফিসার, (সকল)
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

} তাঁর আওতাধীন সকল মাদ্রাসায় উল্লিখিত নির্দেশনাসমূহ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি:

১। অতিরিক্ত সচিব (মাদ্রাসা/ প্রশাসন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

# স্বাধীনতার সুবর্ণজয়ন্তী লোগো ব্যবহার নির্দেশিকা

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে দেশে বিদেশে উদযাপনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক লোগো অনুমোদিত হওয়ায় যথোপযুক্তভাবে ব্যবহারের লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়কের সাথে পরামর্শক্রমে নিম্নরূপ নির্দেশিকা জারি করা হলো;

১. স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটি কর্তৃক নির্ধারিত রঙ, বর্ণবিন্যাস এবং আকৃতি ব্যতীত অন্য কোনো প্রকারে এই লোগো ব্যবহার করা যাবে না।

২. সব সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত, সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান, সরকারি মালিকানাধীন কোম্পানি, সরকারি ও বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, মিডিয়া ও বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের সব ই-মেইল, সরকারি পত্র, স্মারকপত্র, আধা-সরকারি পত্রে স্ব-স্ব প্রতিষ্ঠানের লোগোর সঙ্গে যথাযথভাবে সুবর্ণজয়ন্তীর লোগোটি ব্যবহার করা যাবে।

৩. মুজিববর্ষের লোগো যথাস্থানে রেখে সুবর্ণজয়ন্তীর লোগো বামদিকে ব্যবহার করা যাবে।

৪. সরকারি মালিকানাধীন সব বাস, ট্রেন, দাপ্তরিক গাড়ী, নৌযান, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক রুটে চলমান বাংলাদেশ বিমান, সামরিক এয়ারক্রাফট এবং ক্রুজে উপযুক্ত স্থানে বিভিন্ন অনুষ্ঠানের পোস্টার, ব্যানার, ফেস্টুন ও সাজসজ্জায়, সুবর্ণজয়ন্তী লোগোর নির্দেশিকা অনুসরণ করে নির্ধারিত এবং আনুপাতিক হারে নান্দনিকভাবে লোগোটি ব্যবহার করা যাবে।

৫. জাতীয় দিবসের বিভিন্ন উপলক্ষে সরকারি-বেসরকারি প্রাতিষ্ঠানিক যোগাযোগের ক্ষেত্রে শুভেচ্ছা কার্ড এবং আমন্ত্রণপত্রে উক্ত লোগো ব্যবহার করা যাবে।

৬. জাতীয় পাঠ্যপুস্তক এবং সব সরকারি তথ্য বাতায়নে এই লোগো ব্যবহার করা যাবে।

৭. সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, স্কুল, কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয়ের ক্যালেন্ডার, নোটপ্যাড, স্টেশনারি, বিজ্ঞাপন ইত্যাদি প্রচার সামগ্রীতে এই লোগো ব্যবহার করা যাবে।

৮. কোনো ব্যক্তিগত বা বেসরকারি ব্যবসায়িক বা বাণিজ্যিক প্রোডাক্ট, সেবার উদ্দেশ্যে এই লোগো ব্যবহার করা যাবে না।

৯. সিগারেট, অ্যালকোহল, আগ্নেয়াস্ত্র কিংবা অনুরূপ দ্রব্যাদিতে এই লোগো ব্যবহার করা যাবে না।

১০. বিভিন্ন ক্রীড়া, সাহিত্য, রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংস্থার অনুষ্ঠান আয়োজনে, প্রকাশনার ক্ষেত্রে লোগো ব্যবহার করা যাবে।

১১. স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে জাতীয় পর্যায়ে সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে নির্বাচিত লোগোটি ২০২১ সালের ১৬ ডিসেম্বর পর্যন্ত ব্যবহার করা যাবে।

স্বাক্ষরিত-২৫/০৩/২০২১

**সচিব**

**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুলভবন , সচিবালয় সংযোগ সড়ক,
ঢাকা-১০০০।
প্রশাসন-১ শাখা
www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২১.৩৭

তারিখ: ১৫ চৈত্র ১৪২৭
২৯ মার্চ ২০২১

বিষয়: **স্বাধীনতার সুবর্ণজয়ন্তী লোগো ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা এবং মুল ডিজাইন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত সুবর্ণজয়ন্তী লোগো মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। এ পরিপ্রেক্ষিতে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী লোগো যথাযথ ব্যবহারের নিমিত্ত "লোগোর মুল ডিজাইন" এবং "লোগো ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা" সদয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২৯-৩-২০২১
দেবাশীষ নাগ
উপসচিব
ফোন: ৮৮০২৯৫৭৮৬৪৮
ইমেইল: dsadmin1@molwa.gov.bd

বিতরণ :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩) সিনিয়র সচিব/সচিব (সকল)
৪) মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, সদর দপ্তর, ঢাকা।
৫) প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা।
৬) সচিব/ভারপ্রাপ্ত সচিব, (সকল মন্ত্রণালয়/বিভাগ)।
৭) বিভাগীয় কমিশনার (সকল)।
৮) জেলা প্রশাসক (সকল)
৯) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২১.৩৭/১(৪)

তারিখ: ১৫ চৈত্র ১৪২৭
২৯ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
২) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৩) সিস্টেম এনালিস্ট , আইটি সেল শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটে একটি সেবাবক্স তৈরিপূর্বক লোগো নির্দেশিকা আপলোডের অনুরোধসহ)।
৪) অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।